গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
Web: bspi.polytech.gov.bd
E-mail: principal.bspi@yahoo.com

স্মারক নং- ৫৭.০৩.৮৪৩৬.৩০১.১৮.১২৫.২৬-৪০৭

তারিখ: ২২.০৪.২০২৬ খ্রি.

## "দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর পুরাতন সেমি পাকা ভবন (সিজনিং প্লান্ট) টিনশেড অবকাঠামোটি ভেঙ্গে উদ্ধারযোগ্য মালামাল ক্রয়ের জন্য যোগ্য দরপত্রদাতাদের নিকট হতে সিলকৃত দরপত্র **(Sealed Tender)** এর মাধ্যমে বর্ণিত শর্তাধীনে দরপত্র আহবান করা যাচ্ছে। পুরাতন সেমি পাকা ভবন (সিজনিং প্লান্ট) টিনশেড অবকাঠামোর যাবতীয় জ্ঞাতব্য সম্বলিত শিডিউল নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত প্রকৃত অবস্থা দেখে সংগ্রহ করা যাবে।

**১। মন্ত্রণালয়/বিভাগ:** শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
**২। এজেন্সী:** বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা
**৩। কাজের নাম:** বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই এর পুরাতন সেমি পাকা ভবন (সিজনিং প্লান্ট) টিনশেড অবকাঠামো
**৪। নিলাম পদ্ধতি:** Sealed Tender
**৫। নিলামের আবেদন/দরপত্র দাখিল/দরপত্র খোলার তারিখ ও সময়:**

| ক্রম নং | সিডিউল ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | সিডিউল বিক্রয় ও গ্রহণের স্থান | দরপত্র খোলার সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ১. | ১০ মে, ২০২৬ খ্রি. দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত। | ১২ মে, ২০২৬ খ্রি. দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। | অধ্যক্ষের কার্যালয়, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা | ১২ মে, ২০২৬ খ্রি. দুপুর ০১:০০ ঘটিকা। অধ্যক্ষের কার্যালয়, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা |

**শর্তাবলী:**

১) আগামী ২৭.০৪.২০২৬ খ্রি. হতে ১০.০৫.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন দুপুর ০১:০০ টা পর্যন্ত সিডিউল ক্রয় করা যাবে।
২) উল্লিখিত তারিখ, সময় এবং নির্ধারিত স্থানে রক্ষিত দরপত্র বাক্সে বন্ধ খামে দরপত্র দাখিল করতে হবে।
৩) প্রতিটি সিডিউল মূল্য ১০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য)।
৪) নিজস্ব প্যাডে লিখিত দরপত্র সমূহ প্রতিষ্ঠানে রক্ষিত টেন্ডার বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে হবে। কোন অবস্থাতেই সরাসরি গ্রহণ করা হবে না।
৫) সিডিউল ক্রেতার তালিকায় দরপত্রদাতা প্রতিষ্ঠানের নাম না থাকলে দরপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না।
৬) দরপত্রে সিডিউলের মোট টাকার পরিমাণ উল্লেখ করতে হবে।
৭) নিলামে অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধ সংক্রান্ত ডকুমেন্ট, ভ্যাট নিবন্ধন সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত অনুলিপি সংযুক্ত থাকতে হবে।
৮) দরপত্রে উল্লিখিত দরে টাকা বা অংকে কোন ঘষামাজা বা ওভার রাইটিং হলে উক্ত দরপত্র তাৎক্ষনিক বাতিল বলে গন্য হবে।
৯) দরপত্রে সিডিউলের প্রতিটি পাতায় দরপত্রদাতার স্বাক্ষর থাকতে হবে।
১০) জামানত বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা পে-অর্ডার অধ্যক্ষ, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা বরাবর দরপত্র প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।
১১) পুরাতন উড সিজনিং প্লান্টের টিনশেড ভাঙ্গার কার্যক্রম কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী শুরু করতে হবে।
১২) পুরাতন উড সিজনিং প্লান্টের টিনশেড ভাঙ্গার সময় কোন ধরনের দুর্ঘটনা হলে তার দায়িত্ব নিলাম গ্রহনকারী/ঠিকাদারকে বহন করতে হবে।
১৩) কার্যাদেশ প্রদানের পর নিলাম গ্রহনকারী/ঠিকাদার উদ্বৃত দরের উপর ১৫% ভ্যাট ও ১০% আইটিসহ সমুদয় অর্থ ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে পরিশোধ করে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিজ খরচে ভবন সম্পূর্ণ ভেঙ্গে উপযুক্ত পরিবেশ তৈরী করে দিতে হবে।
১৪) অধ্যক্ষ, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই এর অনুমতি ব্যতিরেকে নিলাম গ্রহনকারী/ঠিকাদারের পক্ষে কাজ পরিচালনার জন্য প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন না। নিলাম গ্রহনকারী/ঠিকাদার তার প্রতিনিধি ও দিন মজুরদের পূর্ণ বিবরণ নিরাপত্তা কর্মকর্তার নিকট দাখিল করে কাজ শুরুর অনুমতি নিতে হবে। তার নিযুক্ত প্রতিনিধি অথবা দিনমজুরগণ যদি কোন বে-আইনী কাজ করেন তজ্জন্যে নিলাম গ্রহনকারী/ঠিকাদার সম্পূর্ণভাবে দায়ী থাকবেন।
১৫) পুরাতন উড সিজনিং প্লান্টের টিনশেড অবকাঠামো ভাঙ্গার সময় প্রতিষ্ঠানের কোন কিছু ব্যবহার করতে পারবেন না।
১৬) আগামী ১২ মে ২০২৬ খ্রি. তারিখ দুপুর ১:০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।
১৭) কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যেকোন দরপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১৮) নিলামে শর্তাবলী উল্লেখ নাই এমন কোন কিছু প্রয়োজন হলে সরকারি বিধি কার্যকর হবে।

22/04/26

রূপক কান্তি বিশ্বাস
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০২৩৩৪৪৬১৪০৪

কারিগরি শিক্ষা অধিদপ্তর
পরিচালক (প্রশাসন) শাখা
পরিচালক (পিআইডব্লিউ) | পরিচালক (ভোক)
পরিচালক (পিআইডব্লিউ) | পরিচালক (পরিঃ ও উন্নঃ)
সহঃপরি-১/২/৩/৪ | ভিভিও
আইন কর্মকর্তা | পি.এ
পরিচালক (প্রশাসন)
ডকেট নং- ৮২৮ তারিখঃ ২৬/০৪/২৬

কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালক দপ্তর
সহকারী পরিচালক
অন্যান্য
পিএস টু মহাপরিচালক
মহাপরিচালক
ডকেট নং- ৫৯৩ তারিখ: ২২.০৪.২০২৬-খ্রি
২৩/০৪/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
Web: bspi.polytech.gov.bd
E-mail: principal.bspi@yahoo.com

স্মারক নং- ৫৭.০৩.৮৪৩৬.৩০১.১৮.১২৫.২৬- ৪১০

বিষয়: **দরপত্র বিজ্ঞপ্তিটি প্রচার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠানের পুরাতন সেমি পাকা ভবন (সিজনিং প্লান্ট) টিনশেড অবকাঠামোটি ভেঙ্গে উদ্ধারযোগ্য মালামাল ক্রয়ের জন্য যোগ্য দরপত্রদাতাদের নিকট হতে সিলকৃত দরপত্র **(Sealed Tender)** এর মাধ্যমে দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্রের বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের স্বার্থে আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: দরপত্রের বিজ্ঞপ্তি- ০১ (এক) কপি।

22/04/26
রূপক কান্তি বিশ্বাস
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০২৩৩৪৪৬১৪০৪

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখ: ২২.০৪.২০২৬ খ্রি.

স্মারক নং- ৫৭.০৩.৮৪৩৬.৩০১.১৮.১২৫.২৬- ৪১০

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, রামমালা, কুমিল্লা-৩৫০০
৩। সংরক্ষণ নথি

22/04/26
রূপক কান্তি বিশ্বাস
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

JCT Cell
26.04.26